Kumudini CARES

# Kumudini Bulletin

September-December : 2023

# কুমুদিনী বুলেটিন

(সেপ্টেম্বর - ডিসেম্বর ঃ ২০২৩)

## শ্রদ্ধা ও ভালোবাসায় আর পি সাহা-র ১২৭তম জন্মজয়ন্তী উদ্‌যাপিত

## 127th Birth Anniversary Celebration of R P Shaha



*127th Birth Anniversary of R P Shaha and 92nd Founding Anniversary of KWT celebrated with pomp and grandeur.*

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা শহীদ দানবীর রণদা প্রসাদ সাহা-র ১২৭তম জন্মজয়ন্তী স্মরণে বিপুল উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে সংস্থাটির বিভিন্ন অঙ্গ প্রতিষ্ঠানে জন্মোৎসব পালিত হয়।

প্রথম জন্মোৎসব অনুষ্ঠানটি উদ্‌যাপিত হয় ১৭ই নভেম্বর মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্স ক্যাম্পাসে; দ্বিতীয় অনুষ্ঠানটি একই ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় ১৮ই নভেম্বর সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে; তৃতীয় অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় ১৯শে নভেম্বর ঢাকার আফতাব নগরে কুমুদিনী ফার্মার দপ্তরে; চতুর্থ অনুষ্ঠানটির আয়োজন করা হয় ২৩শে নভেম্বর মির্জাপুরে রণদা নাটমন্দিরে এলাকাবাসীর উদ্যোগে। সর্বশেষ অনুষ্ঠানটি উদ্‌যাপিত হয় ২৫শে নভেম্বর নারায়ণগঞ্জে আর পি সাহা বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পাসে।

১৭ই নভেম্বর প্রথম দিনের অনুষ্ঠানটি আর পি সাহা-র ১২৭তম জন্মজয়ন্তী ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ৯২তম প্রতিষ্ঠা বার্ষিকী হিসাবে পালিত হয়। মূল অনুষ্ঠানটি শুরু হয় অপরাহ্নে ভারতেশ্বরী হোম্‌সের সবুজ চত্বরে। দেশ-বিদেশের অতিথিদের এই মিলনমেলায় তাঁদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন ট্রাস্টের এমডি রাজীব প্রসাদ সাহা। শুভেচ্ছা বক্তব্য দেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মো. আজিজুর রহমান।

The 127th birth anniversary of philanthropist R P Shaha, the founder of Kumudini Welfare Trust was celebrated with lots of joy and enthusiasm at the various institutions of the Trust.

The 1st celebration was held at Kumudini Complex, Mirzapur on 17 Nov 2023; the 2nd one was held in the same campus on 18 Nov at the initiative of Social Welfare Ministry; the 3rd programmme was held at the Aftabnagar office of Kumudini Pharma Ltd on 19 Nov while the 4th celebration was held at the initiative of the villagers of Mirzapur at the Natmondir on 23 Nov. Lastly R P Shaha University organized celebration at its campus on 25 Nov.

The 127th birth anniversary celebration programme held on 17 Nov coincided with 92nd founding anniversary of Kumudini Welfare Trust. The main programme was held in the evening at the green premises of Bharateswari Homes. MD of Kumudini Mr Rajiv Prasad Shaha delivered his welcome address which was attended by a large number of guests from home and abroad.




*Chairman and Managing Director of KWT Mr Rajiv Prasad Shaha addressing on the occasion.*

সন্ধ্যায় ক্যাম্পাস জুড়ে সহস্র মোমবাতি জ্বালিয়ে প্রার্থনা শেষে বিশাল ফানুস উড়িয়ে এক উৎসব মুখর পরিবেশ তৈরি হয়। এই মহতী অনুষ্ঠানে কুমুদিনীর বিভিন্ন প্রতিষ্ঠানের সদস্যগণের পাশাপাশি মির্জাপুরের বিপুল সংখ্যক গ্রামবাসী উপস্থিত ছিলেন। এই উপলক্ষ্যে কুমুদিনী হাসপাতালে রক্তদান কর্মসূচি পালিত হয় এবং ক্যাম্পাসটি বর্ণিল সাজে সজ্জিত করা হয়। কুমুদিনী পরিবারের সদস্যগণ হাসপাতালে উপস্থিত থেকে রোগীদের বিশেষ খাবারে আপ্যায়িত করেন। এই উপলক্ষ্যে ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীরা একটি দৃষ্টিনন্দন প্রদর্শনীর আয়োজন করে। এই দিনের অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. মো. টিটো মিঞা, ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. শফিকুল আলম চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের ডিন ডা. শাহরিয়ার নবী (শাকিল), সাংসদ অ্যারোমা দত্ত, এটর্নি জেনারেল আবু মোহাম্মদ আমিন উদ্দিন, সাংবাদিক মঞ্জুরুল আহসান বুলবুল, সাংবাদিক মিথিলা ফারজানা, মানবাধিকার কর্মী সুলতানা কামাল প্রমুখ।



*An illuminated evening.*

১৮ই নভেম্বর দ্বিতীয় দিনের অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক অসীম কুমার দে। বিশেষ অতিথি ছিলেন কুমুদিনী ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ও উক্ত মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোহাম্মদ আতাউর রহমান। এই দিন ভারতেশ্বরী হোম্‌সের পিপিএম হলে এক আলোচনা সভার আয়োজন করা হয়। প্রধান অতিথি আলোচনাকালে দানবীর রণদা প্রসাদ সাহার প্রতি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করে বলেন যে, এখনও তাঁর অবদানের কথা বহু মানুষের নিকট অজ্ঞাত রয়ে গেছে। প্রসঙ্গক্রমে তিনি বলেন, বিশেষ করে নতুন প্রজন্মের কাছে রণদা প্রসাদের মানবিক কর্মকাণ্ডের কথা তুলে ধরার প্রয়াস চালাতে হবে।

১৯শে নভেম্বর আফতাব নগরের অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল)-এর চিফ অপারেটিং অফিসার প্রশান্ত দাস। কেপিএল-এর সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতিতে তিনি রণদা প্রসাদ সাহা-র সফল অবদানের পিছনে তাঁর Innovative Thinking এর গুরুত্ব তুলে ধরেন। আনন্দঘন এই অনুষ্ঠানের সমাপ্তি হয় মোমবাতি প্রজ্বালন ও জন্মদিনের কেক কাটার মাধ্যমে।

Mr M Azizur Rahman, Secretary Health Education & Family Welfare of the Ministry of Health delivered his speech. In the evening thousands of candles were lighted which created an ambiance of celebration. In addition to the personnel from different units of Kumudini Welfare Trust a huge number of villagers from Mirzapur also participated. In this connection Kumudini campus was tastefully decorated and a blood donation programme was arranged by Kumudini Hospital. As per tradition members of Kumudini family served meals to the patients at the hospital. Students of Bharateswari Homes also put up a spectacular display. The programme was participated by DG of Medical Education Directorate Dr Titu Miah, Principal Dhaka Medical College Prof Dr Shafiqul Alam Chowdhury, Dr Shahriar Nabi, Dean of the Faculty of Medicine of Dhaka University, Member of Parliament Ms Aroma Datta, Attorney General Mr Abu Mohammed Aminuddin, Journalist Mr Manzarul Hasan Bulbul and Journalist Ms Mithila Farzana.

Mr Asim Kumar Dey Managing Director of Artist Welfare Trust of the Ministry of Cultural Affairs was the chief guest on 18 Nov. The special guests were Director of Kumudini Welfare Trust Ms Protiva Mutsuddi and Joint Secretary of the same ministry Mr Mohammed Ataur Rahman. A discussion meeting was arranged at the PPM Hall of Bharateswari Homes. In the discussion the chief guest paid rich tribute to the memory of R P Shaha and said that many still do not know of the contributions of R P Shaha. He spoke on the importance of letting the younger generation know regarding R P Shaha's contribution.



*Artist Welfare Trust under the Ministry of Cultural Affairs celebrating anniversary programme at Mirzapur Complex.*

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রাণপুরুষ দানবীর রণদা প্রসাদ সাহা-র জন্মতিথি অনুসারে তাঁর আবির্ভাব দিবসটি পালিত হয় (২৩শে নভেম্বর) মির্জাপুর গ্রামের রণদা নাটমন্দিরে। মির্জাপুর গ্রামবাসীর উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রথম আলো পত্রিকার সহযোগী সম্পাদক প্রখ্যাত লেখক আনিসুল হক। কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই মহতী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দানবীরের পৌত্র কুমুদিনীর বর্তমান কর্ণধার রাজীব প্রসাদ সাহা। দিবসটির কর্মসূচির মধ্যে ছিল আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠান শুরু হয় রণদা প্রসাদ সাহা-র প্রপৌত্রী রাহী সাহা কর্তৃক গ্রামের শিশুদের নিয়ে ১২৭টি প্রদীপ প্রজ্বালনের মাধ্যমে। নিজের 'বড় বাবা' সম্পর্কে রাহীর বক্তব্য উপস্থিত সকলকে মুগ্ধ করে। আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন রণদা প্রসাদ সাহা-র পুত্রবধূ ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা, ভবানী প্রসাদ সাহা সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ তাহমিনা জাহান, উপজেলা জাতীয় পার্টির সভাপতি আবু আহমেদ, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার দুর্লভ বিশ্বাস, সাংবাদিক শামসুল ইসলাম ও জহিরুল ইসলাম। প্রধান অতিথি আনিসুল হক তাঁর ভাষণে বলেন, 'লালসবুজের যে পতাকা নিয়ে আমরা গর্ব করি সেই পতাকার লাল রঙের মধ্যে রণদা প্রসাদ সাহা ও ভবানী প্রসাদ সাহা-র রক্ত লেগে আছে। লেগে আছে মির্জাপুর গ্রামে শহীদ হওয়া ৫৭ জন নিরীহ মানুষের রক্ত'।




*MD of KWT speaking at the programme organized by the villagers of Mirzapur. Mr Anisul Haq, Associated Editor of The Daily Prothom Alo, was the chief guest.*

১২৭তম জন্মজয়ন্তী স্মরণে সর্বশেষ অনুষ্ঠানটি উদ্‌যাপিত হয় ২৫শে নভেম্বর নারায়ণগঞ্জে আর পি সাহা বিশ্ববিদ্যালয়ের রবি চত্বরে। অনুষ্ঠানের কর্মসূচির মধ্যে ছিল আলোচনা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও জন্মদিনের কেক কাটা। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক ডক্টর এ কে আজাদ চৌধুরী। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগের পরিচালক মো. ওমর ফারুক।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডক্টর মনীন্দ্র কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কেডব্লিউটি-র এমডি ও এই বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ-এর চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা, কেডব্লিউটি-র তিন পরিচালক শ্রীমতী সাহা, মহাবীর পতি (আরপিএসইউ-র সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিল সদস্য) ও শম্পা সাহা (আরপিএসইউ ট্রাস্ট সদস্য), কমডোর মুহাম্মদ ফারুক (আরপিএসইউ ট্রাস্ট সদস্য), কেডব্লিউটি-র শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা আবু আলম মো: শহীদ খান এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ডেপুটি রেজিস্ট্রার ও সকল বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীগণ।




*Prof Dr A K Azad Chowdhury stressed upon the importance of human values in his speech as chief guest.*



*Celebration at KPL's Aftab Nagar office, Dhaka.*

Mr Proshanta Das, Chief Operating Officer of Kumudini Pharma, delivered his welcome address at the programme conducted on 19th Nov. In the presence of all the officers and employees of Kumudini Pharma he stressed upon the success of R P Shaha due to his innovative thinking process. The celebration concluded with lighting of candles and cutting of birthday cake.

Birthday of the founder of Kumudni Welfare Trust is celebrated on the 23rd of Nov of every year at the Natmondir in Mirzapur. Associate Editor of the Daily Prothom Alo writer Mr Anisul Haq was present as the chief guest in the programme arranged by the villagers of Mirzapur. The programme was presided over by the Director of Kumudini Hospital Dr P K Roy while Mr Rajiv Prasad Shaha Managing Director of the Trust and also the grandson of R P Shaha was present as special guest. The programme included discussion meeting and a cultural show. The programme started with lighting of 127 candles by the children of Mirzapur village aided by Mr Rajiv Prasad Shaha. Speech by Rahi, great granddaughter of R P Shaha was appreciated by all present. Among others who spoke on the occasion included daughter-in-law of R P Shaha Mrs Srimati Shaha, Acting Principal of Bhavani Prasad Shaha College Ms Tahmina Zaman. In his speech as the chief guest Mr Anisul Haq said that the pride we take in our national flag of red and green contains the blood stains of R P Shaha and Bhabani Prasad Shaha. It also contains the blood stains of those 57 innocent villagers of Mirzapur who were killed by the occupation forces in 1971.

The last programme on the occasion of 127th birth anniversary was held at the campus of R P Shaha University. The programme included discussion meeting, cultural show and cutting of the birthday cake. Former Chairman of the University Grants Commission and also former Vice Chancellor of Dhaka University Emeritus Prof Dr A K Azad Chowdhury was the chief guest. Mr Mohammad Omar Farooque, Director of Private University Division of University Grants Commission was present as the special guest. The programme was presided over by the Vice Chancellor of R P Shaha University Prof Dr Manindra Kumar Roy.





*Kumudini family members serving improved meals to the patients at Kumudini Hospital.*

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের আর পি সাহার বর্ণাঢ্য জীবনভিত্তিক প্রামাণ্য চিত্র প্রদর্শের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়।

স্বাস্থ্যসেবা ও রক্তদান কর্মসূচির উদ্বোধন শেষে রণদা প্রসাদের জীবন ও তাঁর জনহিতকর কর্মকাণ্ড নিয়ে আলোচনা হয়। উক্ত আলোচনা সভায় বক্তাগণ দানবীর রণদা প্রসাদ সাহা-র জীবনাদর্শ অনুসরণ করে তরুণ প্রজন্মকে সত্যিকারের মানুষ হিসাবে গড়ে উঠতে আহবান জানান।

প্রধান অতিথি অধ্যাপক ডক্টর এ কে আজাদ চৌধুরী বলেন, বর্তমানে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের যুগে আমরা যেন রোবটের মতো না হয়ে মানবিক গুণাবলী সম্পন্ন মানুষ হতে পারি।

জন্মানুষ্ঠানের সমাপ্তি ঘটে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও শুভ জন্মদিনের কেক কাটার মাধ্যমে। ●

Among others Chairman of RPSU Trust and MD of Kumudini Welfare Trust Mr Rajiv Prasad Shaha, Directors of Kumudini Trust Mrs Srimati Shaha, Mr Mahavir Pati and Mrs Shampa Shaha were also present. A video clip on the life and works of R P Shaha was also screened. A discussion meeting was also held followed by a blood donation programme. The chief guest stressed upon the importance of human values in the age of artificial intelligence. The programme ended with a cultural programme participated by the students and cutting of the birthday cake. ●

## Dignitaries in the Programme at Mirzapur



*M/s Md. Azizur Rahman (Secretary, Health Education & Family Welfare), Rajiv Prasad Shaha (MD, KWT), Prof Dr Md. Tutu Miah (DG, Health Education Dte.), Prof Dr Shafiqul Alam Chowdhury (Principal, DMCH), Prof Dr Shahriar Nabi (Dean, Faculty of Medicine, DU), Sarker Md. Kaiser (SP, Tangail) and others are seen in the picture.*

# প্রধানমন্ত্রী কর্তৃক মির্জাপুরের লৌহজং নদীর ভাঙ্গনরোধ প্রকল্পটিসহ ২০টি নয়া প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন

# Lauhajong River Embankment Foundation Stone Laid by PM Sheikh Hasina




*Prime Minister Sheikh Hasina inaugurating the Lauhajong river "Erosion Prevention Project" from Gono Bhabon through video conference.*

গত ১৬ই অক্টোবর প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভারচুয়েলি যুক্ত হয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনে অনেকগুলি সমাপ্ত প্রকল্পের উদ্বোধন এবং ২০টি নতুন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

ভিত্তিপ্রস্তর স্থাপন করা নতুন ২০টি প্রকল্পের মধ্যে ছিল মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সের পাশ দিয়ে বয়ে যাওয়া দুরন্ত লৌহজং নদীর ভাঙনরোধ প্রকল্পটি।

প্রকল্পটি বাস্তবায়িত হলে লৌহজং নদীর উভয়পাশে অবস্থিত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের আওতাধীন ঐতিহ্যবাহী স্থাপনাসমূহ নদীর ভাঙ্গন থেকে রক্ষা পাবে। কুমুদিনী হাসপাতাল, কুমুদিনী নার্সিং কলেজ, ভারতেশ্বরী হোম্‌স, রণদা নাটমন্দির প্রভৃতি এসব স্থাপনার অন্তর্ভুক্ত।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তাঁর ভাষণে দেশের নদীগুলিকে মানবদেহের সঙ্গে তুলনা করে এগুলিকে বাঁচিয়ে রাখতে সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন এবং যথাযথভাবে নদীগুলির পানি প্রবাহ বহমান রাখতে সবার প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসান। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পানিসম্পদ মন্ত্রণালয়ের উপমন্ত্রী এ কে এম এনামুল হক শামীম ও প্রতিমন্ত্রী জাহিদ ফারুক। ●

On 16 October Hon'ble Prime Minister Sheikh Hasina inaugurated many completed projects and laid foundation stone of 20 new projects under Ministry of Water Resources through video conference from Gono Bhabon.

Among the 20 new projects the Erosion Prevention Project for the mighty Lauhajong river that flows beside Kumudini Complex in Mirzapur was included.

On implementation of the project, the structures of several decades of Kumudini Welfare Trust (KWT) and adjacent villages located on both sides of the river will be saved from erosion of the river. These include Kumudini Hospital, Kumudini Nursing College, Bharateswari Homes, Ranada Natmondir, Kumudini Medical College etc. ●

# KIIMS CaRe প্রকল্প ডিজাইন ফিডব্যাক মিটিং ও ওয়ার্কশপ

# KIIMS CaRe Project Design Feedback Meeting & Workshop




*Proposed KIIMS CaRe Hospital.*

গত ৮, ৯ ও ১০ই অক্টোবর নারায়ণগঞ্জে কুমুদিনীর নতুন স্বাস্থ্য প্রকল্প KIIMS CaRe বাস্তবায়নকল্পে ঢাকায় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের গুলশান অফিসে উক্ত প্রকল্প সম্পর্কিত ডিজাইন ফিডব্যাক মিটিং ও ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত তিন দিন ব্যাপী এই ওয়ার্কশপে ভারতের কোলকাতায় অবস্থিত আধুনিক হাসপাতাল নির্মাণ সংক্রান্ত প্রতিষ্ঠান Medica Synergie Pvt Ltd এর স্থপতিসহ তিনজন কর্মকর্তা অংশ নেন। তাদের প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত KIIMS CaRe প্রকল্পের নক্সাটি পর্যালোচনার উদ্দেশ্যে ওয়ার্কশপে উপস্থাপন করা হয়।

ওয়ার্কশপে কুমুদিনীর উর্ধ্বতন কর্মকর্তাগণ ছাড়াও বাংলাদেশ ও ভারতের বিশিষ্ট স্থপতি, চিকিৎসক, হাসপাতাল ব্যবস্থাপনায় অভিজ্ঞ ব্যক্তিবর্গ ও অর্থ উপদেষ্টাগণ অংশ নেন। বিশেষজ্ঞগণ প্রকল্প নক্সার চুলচেরা বিশ্লেষণ করে তাঁদের প্রতিক্রিয়া ব্যক্ত করেন। সে অনুযায়ী Medica Synergie Pvt Ltd এর নক্সার পরিমার্জন করে পুনরায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

পর্যালোচনা সভায় মেডিকা সিনার্জির পক্ষে প্রতিনিধিত্ব করেন স্থপতি কুনাল ভট্টাচার্য, সহকারি স্থপতি অক্ষয় কুমার সিন্‌হা ও ব্যবস্থাপনা উপদেষ্টা সঞ্জীব দত্ত রায়। তাঁদের সঙ্গে ছিলেন মেডিকা সিনার্জির বাংলাদেশি সহযোগী প্রতিষ্ঠান 4WALLS এর তিনজন স্থপতি।

ডিজাইন ফিডব্যাক মিটিংয়ে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন কুমুদিনী ট্রাস্টের পরিচালক মহাবীর পতি, প্রকল্প উপদেষ্টা ফারুক আহমেদ, রুবাইয়ুল মুর্শেদ, রিয়াদ রউফ, প্রফেসর ডা. আবু আজম, প্রফেসর ডা. এম এ হালিম, প্রফেসর ডা. এম এ মতিন, প্রফেসর ডা. সাবেরা খাতুন, প্রফেসর ডা. স্বপন কুমার বন্দোপাধ্যায়, সহকারি অধ্যাপক ডা. সুধাকর সরকার, কমডোর মুহাম্মদ ফারুক, মানিক কুমার সরকার প্রমুখ।

উল্লেখ্য, গত ১৪ই ফেব্রুয়ারি ২০২১ তারিখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে কুমুদিনী ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব মেডিকেল সায়েন্সেস অ্যান্ড ক্যান্সার রিসার্চ (KIIMS CaRe) প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এখন প্রকল্পের বাস্তবায়নের কাজ চলছে। আলোচ্য ওয়ার্কশপটি তারই প্রয়াস। ●

On 8, 9 and 10 October a three-day Design Feedback Meeting & Workshop was organized at Kumudini's Gulshan office in Dhaka for implementation of KWT's new health project KIIMS CaRe in Narayanganj.

Three architects and officers of Medica Synergie Pvt Ltd, a modern hospital construction company in Kolkata, India, participated in the workshop chaired by the Managing Director of the Trust Mr Rajiv Prasad Shaha. The design of the project prepared by the Indian company was presented at the workshop for experts' review.

In addition to Kumudini's senior officers and experts, eminent architects of Bangladesh and India, doctors, experienced persons in hospital management and financial advisors participated. They analysed the details of the project design and expressed their views. In the meeting, it was decided to revise the design accordingly and the company was advised to resubmit it.

Architect Mr Kunal Bhattacharya, Asst Architect Mr Akshoy Kumar Sinha and Management Advisor Mr Sanjib Dutta represented Medica Synergie. Architects of Medica's Bangladeshi subsidiary company 4Walls were also present.

Kumudini's Director Mr Mahavir Pati, Project Advisor Mr Faruk Ahmed, Mr Rubaiyul Murshed, Mr Riyad Rouf, Prof Dr M A Halim, Prof Dr M A Matin, Prof Dr Sabera Khatun,Prof Dr Swapan Kumar Banerjee, Asst Prof Dr Sudhakar Sarker, Mr Muhammed Farooque and Mr Manik K. Sarker were present in the review meeting and workshop.

This is to be mentioned here that Prime Minister Sheikh Hasina virtually laid the foundation stone of KIIMS CaRe on 14 February 2021. Now its implementation is going on. ●



*Design Feedback Meeting & Workshop with MD of KWT Mr Rajiv Prasad Shaha in the chair.*

## মির্জাপুরে কুমুদিনী হ্যান্ডিক্র্যাফ্‌টের নতুন সাব-প্রডাকশন সেন্টার ও শোরুম



*Local women of Mirzapur are busy at embroidery work.*

গত ১৩ই নভেম্বর থেকে মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে অবস্থিত তাঁতঘরে কুমদিনী হ্যান্ডিক্র্যাফটের একটি সাব-প্রডাকশন সেন্টার চালু করা হয়েছে। এখানে হস্তশিল্প সংক্রান্ত কাজ যেমন সূচিকর্ম, ব্লক, বাটিক, স্ক্রিন প্রিন্টিং ইত্যাদির কাজ চলছে। সেন্টারটি চালু করার ফলে স্থানীয় মহিলাদের কর্মসংস্থান হবে বলে কুমুদিনী হ্যান্ডিক্র্যাফটের পরিচালক শ্রীমতী সাহা আশাবাদ ব্যক্ত করেন।

সাব-প্রডাকশন সেন্টারটি চালু করা ছাড়াও মির্জাপুরে কুমুদিনী হ্যান্ডিক্র্যাফটের একটি শোরুম বা প্রদর্শনী কেন্দ্র স্থাপন করা হয়েছে। সেখানে রয়েছে কুমুদিনীর নিজস্ব হস্তশিল্প পণ্য।

দানবীর রণদা প্রসাদ সাহার দ্বিতীয় কন্যা জয়া পতির হাত ধরে প্রতিষ্ঠিত কুমুদিনী হ্যান্ডিক্র্যাফ্ট দেশে-বিদেশে একটি সুপরিচিত নাম। এর প্রধান কেন্দ্রটি নারায়ণগঞ্জে অবস্থিত। এই প্রতিষ্ঠানে যেসব হস্তশিল্প পণ্য উৎপাদিত হয় তার মধ্যে রয়েছে বিভিন্ন প্রকার শাড়ি, পাঞ্জাবি, শার্ট, ফতুয়া, কটি, টপস, শিশু ড্রেস, কুশন, ব্যাগ, বেড-কভার, টেবিল ক্লথ, নকশিকাঁথা, ডাইনিং টেবিল সেট, ওয়াল ম্যাট, মেয়েদের থ্রি পিস, শো-পিস এবং বিদেশে রফতানিযোগ্য পণ্য সামগ্রী।

কুমুদিনী হ্যান্ডিক্র্যাফটের উৎপাদন কেন্দ্রে যারা কাজ করেন তাদের বেশিরভাগই নারী। স্থায়ী কর্মীদের পাশাপাশি এখানে রয়েছে চুক্তিভিত্তিক ও দৈনিক মজুরিভিত্তিক কর্মী। এছাড়া রয়েছে বাংলাদেশের গ্রামাঞ্চলে ছড়িয়ে থাকা কুমুদিনী হ্যান্ডিক্র্যাফটের কয়েক হাজার কর্মীবাহিনী।

কুমুদিনী ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে বাংলাদেশের গ্রামে গ্রামে প্রশিক্ষিত নারী হস্তশিল্পকর্মী গড়ে তাদের আত্মনির্ভরশীল করে তোলা। সেই লক্ষ্য সামনে রেখে কুমুদিনী কাজ করে যাচ্ছে। ●

## Kumudini Handicrafts । New Sub-Production Centre and Showroom at Mirzapur



*Gender Equity and Awareness Training in Fair-Trade Artisan Groups organized by Kumudini Handicrafts at Kumudini Complex , Mirzapur. - 3 to 7 Nov 2023*

A new sub-production centre of Kumudini Handicrafts has been started from 13 January at Tantighar located in Mirzapur Kumudini Complex. Handicrafts like embroidery, block, boutique, screen printing etc. are being done here.

The Director of Kumudini Handicrafts Mrs Srimati Shaha expressed hope that the opening of the centre would provide employment to local women.

Apart from launching the centre, a showroom cum exhibition centre has also been set up there. Kumudni's own handicrafts products are displayed and sold in the showroom.

Kumudini Handicrafts founded by Mrs Joya Pati, the second daughter of philanthropist Ranada Prasad Shaha, is a well- known name in the country and abroad.

The main centre is located in Narayanganj. The handicrafts products produced include various types of sarees, punjabis. shirts. fatuas, koti (jacket), tops, children dresses, cushions, bags, bed-covers, table-cloth, nakshikantha, dining table sets, wall mats,women's three-pieces and other exportable products.

Most of the workers in Kumudini Handicrafts are women. Along with permanent workers, there are contractual and daily wage workers. In addition, there are several thousand workers spread over the rural areas of the country. ●



*Showroom and Sales Centre of Kumudini Handicrafts at Mirzapur.*



*Female members of Embassy of Japan led by Mrs Iwama Tomomi (Spouse, Japan Ambassador), visited the Gulshan Showroom and Sales Centre of Kumudini Handicrafts on 5 October2023.*

## কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে ওরাল হাইজিন দিবস পালিত

২০শে নভেম্বর কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের উদ্যোগে ওরাল হাইজিন দিবস পালিত হয়েছে। বাংলাদেশ পেরিওডন্টোলজি (মাড়ির স্বাস্থ্য, রোগ ও প্রতিকার) বিষয়ের প্রথম শিক্ষক প্রয়াত অধ্যাপক আবুল কালাম জোয়ার্দারের সম্মানে প্রতি বছর এই দিনে বাংলাদেশের সব ডেন্টাল শিক্ষাপ্রতিষ্ঠানে দিবসটি উদ্‌যাপন করা হয়।

এই উপলক্ষ্যে কলেজের বি পি পতি হলে একটি সেমিনারের আয়োজন করা হয়। দিবসটির প্রতিপাদ্য বিষয় ছিল, “যত্নে রাখুন মাড়ি ও দাঁত, সুস্থ থাকুন দিন ও রাত”। কলেজ অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে কলেজের শিক্ষকগণ মুখের সুস্থতা, সঠিক নিয়মে দাঁত ব্রাশ, চিকিৎসা ও স্বাস্থ্যবিধির বিষয়ে বক্তব্য রাখেন।

উক্ত সেমিনারের প্রধান অতিথি ডা. প্রদীপ কুমার রায় ছাড়াও বক্তাদের মধ্যে ছিলেন কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক, ডেন্টাল ইউনিটের প্রধান অধ্যাপক ডা. জালাল উদ্দিন মাহমুদ, অধ্যাপক ডা. এম এ মতিন, সহকারী অধ্যাপক ডা. মারুফা হক, ছাত্রী জয়িতা চ্যাটার্জী ও অন্যান্য বিভাগের শিক্ষকগণ।

অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন বিডিএস কোর্সের ছাত্রী নাহিদা আক্তার ও মর্মিতা বিশ্বাস।

অনুষ্ঠান শেষে শিক্ষার্থী ও শিক্ষকদের একটি র‍্যালি কলেজ প্রাঙ্গণ থেকে শুরু হয়ে কুমুদিনী হাসপাতাল প্রদক্ষিণ করে পুনরায় কলেজ প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। ●

## KWMC
## Oral Hygiene Day Observed

Oral Hygiene Day was celebrated by Kumudini Women's Medical College(KWMC) on 20 November in honour of late Prof Dr Abul Kalam Joarder, the first teacher of periodontology in Bangladesh. Every dental institution in the country celebrates the day.

On this occasion, a seminar was organized at B P Pati Hall of the college. The theme of the day was "Take care of gums, stay healthy day and night". In the seminar held under the chairmanship of Principal Prof Dr M A Halim, college teachers spoke about oral health, properly brushing teeth etc.

In addition to the chief guest Dr Pradip Kumar Roy, other speakers were the Vice Principal Prof Dr Niranjan Chandra Basak, Head of Dental Unit Prof Dr Jalal Uddin Mahmud, Prof Dr M Matin, Asst Prof Dr Marufa Haque, students Jayita Chatterjee and others.

Nadia Akhter and Mormita Bishwas, students of BDS course, presented the programme.

At the end of the ceremony, a rally of the students and teachers started from the college premises, circled Kumudini Hospital and ended at the college premises from where it had started. ●




*Rally to mark the Oral Hygiene Day.*

## কুমুদিনীর পূজামণ্ডপ পরিদর্শনে দেশ-বিদেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ

## Guests From Home and Abroad Visit Kumudini's Puja Festival











*Hon'ble guests enjoying cultural show held at Natmondir in the evening programmes on the occasion of Kumudini's Durga Puja festival. Among others Chief Justice Md. Obaidul Hasan, Justice Md. Khairul Anam, Justice Md. Mahmud Hasan Talukder, Justice Md. Akram Hossain Chowdhury, British High Commissioner Ms Sara Cooke, Indian High Commissioner Mr Pranay Kumar Verma, Ambassador of Netherlands Ms Irma van Dueren, Member of the Standing Committee of BNP Dr Abdul Moyeen Khan, Prof Mohammad Farashuddin from E-W University, DC Tangail Mr Kaisarul Islam, SP Tangail Sarker Md. Kaiser are seen in the pictures.*

শত বছরের পুরনো দানবীর রণদা প্রসাদ সাহার পৈত্রিক বাড়ির দুর্গোৎসব গোটা দেশের এক ঐতিহ্যবাহী শারদউৎসব। 'কুমুদিনীর দুর্গাপূজা' হিসাবে পরিচিত এই বছর উৎসব শুরু হয় ২০শে অক্টোবর এবং শেষ হয় ২৪শে অক্টোবর লৌহজং নদীতে প্রতিমা নিরঞ্জনের মধ্য দিয়ে।

উৎসব শুরুর প্রথম দিন থেকে বিপুল সংখ্যক ভক্ত ও দেশ-বিদেশের অতিথিদের সমাগমে পূজা প্রাঙ্গণ তথা মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্স একটি মিলনমেলায় পরিণত হয়। উৎসবের প্রতিদিন সন্ধ্যায় পরিবেশিত হয় ভারতেশ্বরী হোম্‌সের ছাত্রীদের উপস্থাপনায় ভক্তিমূলক গান ও নৃত্য, আরতি এবং গীতি নক্‌শা। পূজা উপলক্ষ্যে দরিদ্রদের মধ্যে বিতরণ করা হয় বস্ত্র এবং প্রতিদিন পূজা শেষে ভক্তদের মধ্যে পরিবেশন করা হয় প্রসাদ।

এই বছর বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে কুমুদিনীর পূজামণ্ডপ যারা পরিদর্শন করেন তাঁদের মধ্যে ছিলেন প্রধান বিচারপতি মো. ওবায়দুল হাসান, সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি মো. খাইরুল আলম, হাইকোর্ট বিভাগের বিচারপতি মো. মাহমুদ হাসান তালুকদার, বিচারপতি মো. রুহুল কুদ্দুস, বিচারপতি মো. আকরাম হোসেন চৌধুরী, ব্রিটিশ হাইকমিশনার সারা কুক, ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা, নেদারল্যান্ডের রাষ্ট্রদূত Ms Irma van Dueren, বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান, পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসান, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেলায়েত হোসেন তালুকদার, ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ভিসি ও উপদেষ্টা অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন, টাঙ্গাইল জেলা প্রশাসক মো. কায়ছারুল ইসলাম, পুলিশ সুপার সরকার মোহাম্মদ কায়সার, মির্জাপুর উপজেলা নির্বাহী অফিসার শাকিলা বিনতে মতিন, সহকারী কমিশনার (ভূমি) সূচি রানী সাহা প্রমুখ। সম্মানিত অতিথিবৃন্দকে অভ্যর্থনা জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের এমডি রাজীব প্রসাদ সাহা, পরিচালক শ্রীমতী সাহা, মহাবীর পতি ও শম্পা সাহা, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. আবদুল হালিম প্রমুখ। ●

The Durga Puja festival at the ancestral home of philanthropist R P Shaha, a traditional autumn festival starts on 24 October and ends with the immersion of idols in the river Lauhajong.

From the first day of the ceremony both the puja premises and Mirzapur Kumudini Complex turned into a meeting place with a large number of devotees and distinguished guests from home and abroad.

Devotional songs, dances, arati and musical sketches were performed by the students of Bharateswari Homes every evening of the festival. Cloths were distributed among the poor on the occasion of puja as well as prasad was distributed among the devotees after completion of daily worship.

Among the dignitaries who visited the Kumudini puja festival this year were: Chief Justice Md. Obaidul Hasan, Justice Md. Khairul Alam. Justice Md. Mahmud Hasan Talukder, Justice Md. Ruhul Quddus, Justice Md. Akram Hossain Chowdhury, British High Commissioner Ms Sarah Cooke, Indian High Commissioner Mr Pranay Kumar Verma, Ambassador of Netherlands Ms Irma van Dueren,Member of the Standing Committee of BNP Dr Abdul Moyeen Khan, Secretary of the Ministry of Water Resources Mr Nazmul Ahsan, Addl Secretary of the Ministry of Education Mr Belayet Hossain Talukder, Founder VC and Advisor of East-West University Prof Mohammad Farashuddin, District Commissioner of Tangail Mr Kaisarul Islam, SP Sarker Md. Kaiser , UNO of Mirzapur Ms Shakila Binte Matin, AC (land) Ms Suchi Rani Saha and others.

Managing Director of KWT Mr Rajiv Prasad Shaha, Director Mrs Srimati Shaha, Mr Mahavir Pati, Mrs Shampa Shaha, Director of Kumudini Hospital Dr Pradip Kumar Roy, Principal of Kumudini Women's Medical College Prof Dr M A Halim and others received the guests of honour. ●

## সফলভাবে SEIP প্রকল্প বাস্তবায়ন করায় কুমুদিনী "আলোকবর্তিকা" পুরস্কারে ভূষিত

## Kumudini Awarded For Successfully Implementing SEIP Project




*Sister Rina Cruz, Principal Kumudini Nursing College, receiving the award "Alokbartika" on behalf of Kumudini for successful implementation of SEIP programme at KWT.*

২৬শে ডিসেম্বর রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) প্রকল্প বাস্তবায়নের সাফল্যের ১০ বছর পূর্তি উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সচিব ও জাতীয় প্রকল্প পরিচালক মো. খায়রুজ্জামান মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার।
বিশেষ অতিথি ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিনিয়র সচিব আহমেদ মুনিরুছ সালেহীন, পরিকল্পনা বিভাগের সচিব সত্যজিত কর্মকার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মো. শাহরিয়ার কাদের সিদ্দিকী, এডিবি'র ডেপুটি কান্ট্রি ডিরেক্টর জিয়াং বো নিং এবং বিজিএমইএ প্রেসিডেন্ট ফারুক হাসান।
স্বাগত বক্তব্য রাখেন প্রকল্পের নির্বাহী পরিচালক ফাতিমা রহিম ভীনা।
আমন্ত্রিত অতিথি হিসাবে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের এমডি রাজীব প্রসাদ সাহা। তিনি তাঁর বক্তব্যে SEIP প্রকল্পের মাধ্যমে কুমুদিনীতে স্পেশালাইজড নার্সিং, কেয়ারগিভিং ও স্কিলস প্রশিক্ষণ কার্যক্রম এবং স্বাস্থ্য খাতে ভবিষ্যৎ সম্ভাবনা সম্পর্কে আলোকপাত করেন।
অনুষ্ঠানে বক্তাগণ SEIP প্রকল্পের ১০ বছরের সফলতা তুলে ধরেন এবং এতে সেরা প্রতিষ্ঠান, সেরা প্রশিক্ষক ও সেরা প্রশিক্ষণার্থীদের পুরস্কৃত করা হয়। পুরস্কারের নাম "আলোকবর্তিকা"। কুমুদিনীকে একটি সফল প্রকল্প বাস্তবায়নকারী হিসাবে এই সম্মানজনক পুরস্কারে ভূষিত হয়। কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষ সিস্টার রীনা ক্রুজ অনুষ্ঠানে উপস্থিত থেকে পুরস্কার গ্রহণ করেন।
উল্লেখ্য, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট SEIP প্রকল্পের সাথে যুক্ত হয় ২০২১ সালে। এই প্রকল্পের আওতায় কুমুদিনী স্পেশালাইজড নার্সিং, কেয়ারগিভিং কোর্স এবং স্কিলস্ ট্রেনিং কোর্সসমূহ সুনামের সাথে পরিচালনা করে আসছে। ●

A programme was organized on 26 December at Dhaka Intercontinental Hotel to mark 10 years of successful implementation of Skills for Employment Investment Programme (SEIP).
Secretary of Finance Development and National Project Director, Ministry of Finance, Mr Md. Khairuzzaman Majumder presided over the event. The chief guest was the Governor of Bangladesh Bank Mr Abdur Rauf Talukder.
